

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
৮৯/২, কাকরাইল, ঢাকা-১০০০
www.bmet.gov.bd

নং-৪৯.০১.০০০০.০২০.৩১.০৫০(৪).১৬. ৩৯৩৪

তারিখ-১১/১০/২০১৮খিঃ

বিজ্ঞপ্তি

জনশক্তি প্রেরণকারী সকল লাইসেন্সধারী রিক্রুটিং এজেন্সির অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের এসআরও নং ২০৭/আইন, তারিখ ২৭/০৮/২০০৭খিঃ (রিক্রুটিং এজেন্ট আচরণ ও লাইসেন্স বিধিমালা, ২০০২) এর বিধি ৫ এর উপ বিধি-৩ এর সংশোধনী এবং বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন, ২০১৩ অনুযায়ী যে সকল রিক্রুটিং এজেন্সির লাইসেন্সের মেয়াদ আগামী ৩১/১২/২০১৮খিঃ তারিখে উত্তীর্ণ হবে ঐ সকল রিক্রুটিং এজেন্সির লাইসেন্স ০১/০১/২০১৯ হতে ৩১/১২/২০২১খিঃ মেয়াদে ০৩(তিন) বছরের জন্য নবায়নের নিমিত্ত নির্ধারিত ফরমে (ফরম-৩) জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর মহাপরিচালক এর বরাবরে আগামী ৩০ নভেম্বর, ২০১৮ খিঃ তারিখের মধ্যে আবেদনপত্র অবশ্যই দাখিল করতে হবে। বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন, ২০১৩ কার্যকর হওয়ার পর ইস্যুকৃত লাইসেন্সসমূহের মেয়াদ উত্তীর্ণের ৩০ দিন পূর্বেই সরকার নির্ধারিত ফি ও ভ্যাটসহ লাইসেন্স নবায়নের জন্য মহাপরিচালক, বিএমইটি, ঢাকা বরাবরে আবেদন দাখিল করতে হবে।

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ০৩/১২/২০১৩খিঃ তারিখের স্মারক নং- ৪৯.০০৪.০১১.০০.০০. ০১১.২০১৩-৪৬ অনুযায়ী মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর বরাবরে নবায়ন ফি বাবদ ৬০,০০০/- (ষাট হাজার) টাকা ও নবায়ন ফি'র ওপর ধার্যকৃত ১৫% ভ্যাট বাবদ ৯,০০০/- (নয় হাজার) টাকার পৃথক দু'টি পে-অর্ডার/ব্যাংক ড্রাফট, লাইসেন্সের সত্যায়িত ফটোকপি এবং রিক্রুটিং এজেন্সির বিগত ০৫(পাঁচ) বছরের (প্রযোজ্য ক্ষেত্রে) কর্মকাণ্ডের প্রতিবেদনের ২(দুই) কপি আবেদনের সঙ্গে দাখিল করতে হবে। লাইসেন্স নবায়নের আবেদনের সময়সীমা উত্তীর্ণ হওয়ার পর দাখিলকৃত আবেদনের সাথে নির্ধারিত নবায়ন ফি এর ওপর ১০০% বিলম্ব ফি ও ভ্যাট প্রযোজ্য হবে। এ সম্পর্কে বিস্তারিত তথ্য এবং নির্ধারিত ফরমসমূহ ব্যুরোর কর্মসংস্থান শাখা (৮৯/২, কাকরাইল, ঢাকার ৩য় তলা) হতে যে কোন কার্যদিবসে অফিস চলাকালীন সময়ের মধ্যে সংগ্রহ করা যাবে। উক্ত আবেদন ফরম ব্যুরোর ওয়েব সাইটেও (www.bmet.gov.bd) পাওয়া যাবে।

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ১৫/০৭/২০০৭ খিঃ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন নং- প্রকবৈকম-৫/বিবিধ-৬/২০০২/১৩০২ মোতাবেক সকল রিক্রুটিং এজেন্সির জামানত পুনঃনির্ধারণপূর্বক ১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকা ধার্য করা হয়েছে, যা ০১/০৭/২০০৭খিঃ তারিখ হতে কার্যকর। ২০১৯-২০২১ খিঃ মেয়াদে লাইসেন্স নবায়নের আবেদনের সাথে জামানত বাবদ ক্যাশ সিকিউরিটি (মহাপরিচালক, বিএমইটি, ঢাকা বরাবরে পে-অর্ডারের মাধ্যমে) হিসেবে ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত যে কোন তফসিলি ব্যাংক হতে ০৩(তিন) বছর মেয়াদী স্থায়ী আমানত বাবদ ৭,০০,০০০/- (সাত লক্ষ) টাকা (মহাপরিচালক, বিএমইটি, ঢাকা এর নামে লিয়েন মার্ক করে) সহ মোট ৮,৫০,০০০/- (আট লক্ষ পঞ্চাশ হাজার) টাকা আবশ্যিকভাবে জমা দিতে হবে।

স্বাক্ষরিত-১০/১০/২০১৮

(ডিএম আতিকুর রহমান)

উপসচিব

পরিচালক (কর্মসংস্থান)

ফোন-৮৩০০৫৬৫

ফরম-৩

[বিধি-৫(১),

লাইসেন্স নবায়নের আবেদন পত্র
(২০১৯-২০২১) বৎসরের জন্য)

১.	রিট্রুটিং এজেন্সির নাম, লাইসেন্স নং এবং ঠিকানা।	:	
২.	মালিক/ব্যবস্থাপনা অংশীদার/ব্যবস্থাপনা পরিচালক ও পরিচালকের নাম।	:	
৩.	রিট্রুটিং এজেন্সির লাইসেন্সের ফটোকপি।	:	
৪.	লাইসেন্স ইস্যুর তারিখ।	:	
৫.	গত ৫ (পাঁচ) বছরের কর্মকাণ্ডের প্রতিবেদন (২ কপিতে সংযুক্ত বিবরণী অনুসারে)	:	
৬.	মহা-পরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর অনুকূলে প্রদত্ত সরকার কর্তৃক নির্ধারিত নবায়ন ফি বাবদ ৬০,০০০/- (ষাট হাজার) এবং ভ্যাট বাবদ ৯০০০/- (নয় হাজার) টাকার পৃথক দু'টি ব্যাংক ড্রাফট/পে-অর্ডার।	:	
৭.	মালিক/ব্যবস্থাপনা অংশীদার/ব্যবস্থাপনা পরিচালকের বিরুদ্ধে কোন আদালতে দেওয়ানী বা ফৌজদারী মামলা, অনিষ্পন্ন থাকলে উহার বিবরণ।	:	
৮.	রিট্রুটিং এজেন্সির বিরুদ্ধে কোন আদালত কর্তৃক কোনরূপ সাজা প্রদত্ত হয়ে থাকলে অথবা সরকার বা ব্যুরো কর্তৃক কোন ব্যবস্থা গৃহীত হয়ে থাকলে উহার বিবরণ।	:	

আমি/আমরা ঘোষণা করছি যে, উপরের প্রদত্ত তথ্যাবলী সত্য এবং সংযুক্ত দলিল পত্র সমূহ সঠিক।

তারিখ-----

সীলমোহরসহ আবেদনকারীর স্বাক্ষর

